# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 FEB 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

189

## ছাত্র ব্রিগেড গঠিত

(ইত্তেফাক রিপোর্ট)

জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষ করার লক্ষ্যে

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্র ব্রিগেড

(শেষ পৃঃ পর)

আজ (মঙ্গলবার) হইতে ছাত্র ব্রিগেড কাজ শুরু করিবে। সর্বদলীয় ছাত্র ঐক্যের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ছাত্র ঐক্য কেন্দ্রীয় নেতৃত্ব কেন্দ্রীয় ব্রিগেড হিসাবে কাজ করিবে এবং ডাকসু কার্যালয় হইতে দেশব্যাপী ছাত্র ব্রিগেড পরিচালিত হইবে।

ছাত্র ঐক্যভুক্ত সকল ছাত্র সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকগণ এবং ঢাকা মহানগরী শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকগণ এবং বিভিন্ন থানার সভাপতি ও সাধারণ সম্পাদকগণ ঢাকা মহানগরী ছাত্র ব্রিগেডের দায়িত্ব পালন করিবেন। জেলা নেতৃত্ব জেলা পর্যায়ে এবং উপজেলা নেতৃত্ব উপজেলা পর্যায়ে এই ব্রিগেডের দায়িত্ব পালন করিবে।

ছাত্র ঐক্যের বিবৃতিতে বলা হয়, ভোটারগণ যাহাতে নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করিতে পারে যাহাতে ভোটকেন্দ্রে কোন অশুভ শক্তি কোন প্রকার বিশৃঙ্খলা সৃষ্টি না করিতে পারে সে ব্যাপারে ছাত্র ব্রিগেড নির্বাচন কমিশন ও আইন প্রয়োগকারী সংস্থাকে সর্বাত্মক সহায়তাদান করিবে।

সার্কভুক্ত দেশের সাংবাদিক প্রতিনিধি দল গতকাল (সোমবার) স্থানীয় একটি হোটেলে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দের সহিত এক বৈঠকে মিলিত হন। বৈঠকে ছাত্র ঐক্যের পক্ষে ডাকসুর জি, এস খায়রুল কবীর খোকন, ছাত্র নেতা ফজলুল হক মিলন, শফি আহমেদ, নাসির-উদ-দুজা, কামাল হোসেন, ফয়জুল হাকিম লালা, আসাদুর রহমান, আবুল কাশেম তালুকদার আবু প্রমুখ উপস্থিত ছিলেন।